

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৬৫

٩. यन गलाता त्रु पिष्ठ छे अति भयाला (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ যারা আল্লাহর কিতাব নিজেদের মাঝে পঠন-পাঠন করে, ফেরেস্তাগণ তাদেরকে পরিবেষ্টন করে রাখেন এবং সে সময় রহমত ঘিরে রাখে

ذِكْنُ حُفُوفِ الْمَلَائِكَةِ بِالْقَوْمِ الَّذِينَ يَتْلُونَ كِتَابَ اللَّهِ وَيَتَدَارَسُونَهُ فِيمَا بَيْنَهُمْ مَعَ الْبَيَانِ بِأَنَّ الرَّحْمَةَ تَشْمَلُهُمْ فِي ذَلِكَ الْوَقْت

আরবী

765 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ مَحْمُود بْنِ عَدِي ّ أَبُو عَمْرٍ و بِنَسَا قَالَ: أَخْبَرَنَا حُمَيْدُ بْنُ زَنْجُويْهِ قَالَ: حَدَّثَنَا الْأَعْمَشُ عَنْ أَبِي صَالِحٍ عَنِ أَبِي وَنْجُويْهِ قَالَ: حَدَّثَنَا الْأَعْمَشُ عَنْ أَبِي صَالِحٍ عَنِ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَا جَلَسَ قَوْمٌ فِي مَسْجِدٍ مِنْ مُسَاجِدِ اللَّهِ يَتْلُونَ كِتَابَ اللَّهِ وَيَتَدَارَسُونَهُ بَيْنَهُمْ إِلَّا نَزَلَتْ عَلَيْهِمُ السَّكِينَةُ وَغَشِيَتْهُمُ مَسَاجِدِ اللَّهِ يَتْلُونَ كِتَابَ اللَّهِ وَيَتَدَارَسُونَهُ بَيْنَهُمْ إِلَّا نَزَلَتْ عَلَيْهِمُ السَّكِينَةُ وَغَشِيَتْهُمُ اللَّهُ فِيمَنْ عِنْدَهُ وَمَنْ أَبْطَأَ به عمله لم يسرع به نسبه) الرَّحْمَةُ وحقَتهم الْمَلَائِكَةُ وَذَكَرَهُمُ اللَّهُ فِيمَنْ عِنْدَهُ وَمَنْ أَبْطَأَ به عمله لم يسرع به نسبه) الراوي : أبو هُرَيْرَةَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الراوي : أبو هُرَيْرَةَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

বাংলা

৭৬৫. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "কোন সম্প্রদায় যদি কোন মসজিদে বসে আল্লাহর কিতাব তেলাওয়াত করে এবং নিজেদের মাঝে শিক্ষন-প্রশিক্ষণ করে, তবে তাঁদের উপর সাকীনাহ (প্রশান্তি) অবতীর্ণ হয়, রহমত তাঁদেরকে আচ্ছাদিত করে রাখে, ফেরেস্তাগণ তাঁদেরকে পরিবেষ্টন করে রাখেন এবং আল্লাহ তাঁদের কথা তাঁর নিকটস্থ ফেরেস্তাদের নিকট আলোচনা করেন। যার আমল তাকে পিছিয়ে দিবে, তার বংশ তাকে অগ্রগামী করতে পারবে না।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/২৫২; সহীহ মুসলিম: ২৬৯৯; আবূ দাউদ: ১৪৫৫; তিরমিযী: ২৯৪৫; ইবনু মাজাহ: ২২৫।



আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৩০৮।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন